# National Testing Agency

| | |
|---|---|
| **Question Paper Name :** | Bengali 1st April 2025 Shift 2 |
| **Subject Name :** | Bengali |
| **Creation Date :** | 2025-04-01 15:25:45 |
| **Duration :** | 90 |
| **Total Marks :** | 300 |
| **Display Marks:** | Yes |

## Bengali

| | |
|---|---|
| **Group Number :** | 1 |
| **Group Id :** | 17807080 |
| **Group Maximum Duration :** | 0 |
| **Group Minimum Duration :** | 90 |
| **Show Attended Group? :** | No |
| **Edit Attended Group? :** | No |
| **Break time :** | 0 |
| **Group Marks :** | 300 |

## Bengali

| | |
|---|---|
| **Section Id :** | 17807081 |
| **Section Number :** | 1 |
| **Section type :** | Online |
| **Mandatory or Optional :** | Mandatory |
| **Number of Questions :** | 69 |
| **Number of Questions to be attempted :** | 69 |
| **Section Marks :** | 300 |
| **Maximum Instruction Time :** | 0 |
| **Sub-Section Number :** | 1 |
| **Sub-Section Id :** | 178070141 |
| **Question Shuffling Allowed :** | Yes |

**Question Number : 1 Question Id : 1780706055 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

**নীচে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:**

A. লক্ষ্মণসেনের সভায় কবি জয়দেব তাঁর কাব্য রচনা করেছিলেন।

B. ধোয়ীর লেখা কাব্যগ্রন্থের নাম 'মেঘদূত'।

C. 'সদুক্তিকর্ণামৃত' সংকলন করেন শ্রীনিবাস।

D. শ্রীচৈতন্যদেব ছিলেন শৈব।

E. গোবর্ধন আচার্যের লেখা কাব্যগ্রন্থের নাম 'আর্যাসপ্তশতী'।

প্রদত্ত সংকেতে যে-বিকল্পটিতে সবকটি মন্তব্য শুদ্ধ, সেটি হল:

1. কেবল A, B এবং C
2. কেবল A এবং  B
3. কেবল A এবং E
4. কেবল E

**Options :**
17807024001. 1

17807024002. 2
17807024003. 3
17807024004. 4

**Question Number : 2 Question Id : 1780706056 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

**নীচে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:**

A. প্রাকৃত ভাষার আয়ুর পরিমাণ খ্রী.পূ. ৬০০ অব্দ থেকে খ্রীস্টীয় ৬০০ অব্দ।

B. এই পর্বের প্রথম পর্যায়ের নাম পালি ভাষা।

C. এই পর্বের তৃতীয় পর্যায়ের নাম প্রাকৃত ভাষা।

D. মাগধী অপভ্রংশ থেকে বাংলা ভাষার উৎপত্তি।

E. মাগধী অপভ্রংশ স্তরে প্রচুর সাহিত্যিক নিদর্শন পাওয়া যায়।

প্রদত্ত সংকেতে যে-বিকল্পটিতে সবকটি মন্তব্য শুদ্ধ, সেটি হল:

1. কেবল A, B এবং C
2. কেবল A, B এবং D
3. কেবল C
4. কেবল A এবং E

**Options :**
17807024005. 1
17807024006. 2
17807024007. 3
17807024008. 4

**Question Number : 3 Question Id : 1780706057 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রথম এবং দ্বিতীয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করুন:

| **তালিকা 1** | **তালিকা 2** |
|---|---|
| A. সম্প্রতি জানা গেছে চর্যাপদের প্রাপ্ত পুথিটির প্রকৃত নাম | I. বৌদ্ধ তান্ত্রিক পদসংকলন। |
| B. 'চর্যাচর্যবিনিশ্চয়' হল - | II. হরপ্রসাদ শাস্ত্রী |
| C. পুথিটি আবিষ্কার ও সম্পাদনা করেন - | III.চর্যাগীতিকোষ |
| D. নেপাল ও তরাই ভূমি থেকে চর্যার সংগ্রাহক - | IV. ড. শশিভূষণ দাশগুপ্ত |

প্রদত্ত সংকেতে ঠিক উত্তরের বিকল্পটি হল:

1. A -III, B - I , C - II,  D - IV
2. A -III , B -IV , C - I,  D -II
3. A -I , B -IV , C -III ,  D -II
4. A -I , B - II, C -III ,  D -IV

**Options :**
17807024009. 1
17807024010. 2
17807024011. 3
17807024012. 4

**Question Number : 4 Question Id : 1780706058 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রথম এবং দ্বিতীয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করুন:

| তালিকা 1 | তালিকা 2 |
|---|---|
| A. চর্যার কবি | I. ৬ |
| B. চর্যাপদের মোট সংখ্যা | II. ৩৩ |
| C. চর্যার 'টালত ঘর মোর নাহি পড়িবেষী'-র পদ সংখ্যা - | III. ৫০ |
| D. চর্যার 'কাহেরে ঘিনি মেলি আছহু কীস'-র পদ সংখ্যা - | IV. ২৪ |

প্রদত্ত সংকেতে ঠিক উত্তরের বিকল্পটি হল:

1. A -I , B -II , C -III , D -IV
2. A -III , B -I , C -IV , D -II
3. A - II, B -III, C -I , D -IV
4. A -IV, B -III , C -II , D -I

**Options :**
17807024013. 1
17807024014. 2
17807024015. 3
17807024016. 4

**Question Number : 5 Question Id : 1780706059 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি আবিষ্কৃত হয় কত বঙ্গাব্দে?

1. ১২৪৬
2. ১৩০৯
3. ১৩১৬
4. ১৩১৮

**Options :**
17807024017. 1
17807024018. 2
17807024019. 3
17807024020. 4

**Question Number : 6 Question Id : 1780706060 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পুথিতে প্রাপ্ত চিরকুট অনুযায়ী কাব্যগ্রন্থটির প্রকৃত নাম কি ছিল?

1. শ্রীকৃষ্ণকীর্তন
2. শ্রীকৃষ্ণসন্দর্ব
3. শ্রীকৃষ্ণবিজয়
4. শ্রীকৃষ্ণমঙ্গল

**Options :**
17807024021. 1
17807024022. 2
17807024023. 3
17807024024. 4

**Question Number : 7 Question Id : 1780706061 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

**নীচে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:**

A. 'শ্রীকৃষ্ণকীর্তনের' সর্বমোট খণ্ড সংখ্যা ১৩।

B. আইহনের আর একটি নাম ছিল আহন।

C. 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি রচনার নির্দেশ দেন মহাপ্রভু চৈতন্যদেব।

D. আদিরসাত্মক বর্ণনার পরিচয় পাওয়া যায় 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে।

E. 'শ্রীচৈতন্যচরিতামৃত' কাব্যটির রচয়িতা হলেন শ্রীরূপ গোস্বমী।

প্রদত্ত সংকেতে যে-বিকল্পটিতে সবকটি মন্তব্য শুদ্ধ, সেটি হল:

1. কেবল A, B এবং E
2. কেবল A এবং E
3. কেবল A এবং D
4. A, B এবং C

**Options :**
17807024025. 1
17807024026. 2
17807024027. 3
17807024028. 4

**Question Number : 8 Question Id : 1780706062 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'পুরুষপরীক্ষা' গ্রন্থটির রচয়িতা কে?

1. বিদ্যাপতি
2. অনন্ত বড়ু চন্ডীদাস
3. চণ্ডীদাস
4. জয়দেব

**Options :**
17807024029. 1
17807024030. 2
17807024031. 3
17807024032. 4

**Question Number : 9 Question Id : 1780706063 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

ব্রজবুলি ভাষাটি হল -

1. বিভাষা
2. উপভাষা
3. কৃত্রিম ভাষা
4. স্বাভাবিক ভাষা

**Options :**
17807024033. 1
17807024034. 2
17807024035. 3

17807024036. 4

**Question Number : 10 Question Id : 1780706064 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রথম এবং দ্বিতীয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করুন:

| তালিকা 1 | তালিকা 2 |
|---|---|
| A. কৃত্তিবাস | I. শ্রীকৃষ্ণবিজয় |
| B. মালাধর বসু | II. পাণ্ডববিজয় |
| C. কবীন্দ্র পরমেশ্বর | III. মহাভারতের অশ্বমেধ |
| D. শ্রীকর নন্দী | IV. শ্রীরাম পাঁচালী |

প্রদত্ত সংকেতে ঠিক উত্তরের বিকল্পটি হল:

1. A - IV, B - I, C -II , D -III
2. A -I , B -II , C -III , D -IV
3. A - III , B - IV, C -II , D -I
4. A -IV , B -I , C -III , D -II

**Options :**
17807024037. 1
17807024038. 2
17807024039. 3
17807024040. 4

**Question Number : 11 Question Id : 1780706065 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রথম এবং দ্বিতীয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করুন:

| তালিকা 1 | তালিকা 2 |
|---|---|
| A. বিজয়গুপ্ত | I. মনসাবিজয় |
| B. বিপ্রদাস পিপ্‌লাই | II.অনাদ্যমঙ্গল |
| C. রূপরাম চক্রবর্তী | III.অভয়ামঙ্গল |
| D. মুকুন্দরাম চক্রবর্তী | IV. পদ্মাপুরাণ |

প্রদত্ত সংকেতে ঠিক উত্তরের বিকল্পটি হল:

1. A -III , B -I , C -IV , D -II
2. A -III , B -IV , C -I , D -II
3. A -I , B -II , C -III , D -IV
4. A -IV , B -I , C -II , D -III

**Options :**
17807024041. 1
17807024042. 2
17807024043. 3
17807024044. 4

**Question Number : 12 Question Id : 1780706066 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

নীচে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:

A. মনসামঙ্গল কাব্যে আর্যেতর প্রভাব লক্ষ করা যায়।

B. চণ্ডীমঙ্গলের একজন কবির নাম জগজ্জীবন ঘোষাল।

C. বেহুলা ও লখীন্দর হল স্বর্গের দেবদেবী মেনকা ও কার্তিক।

D. বিপ্রদাস পিপিলাই হলেন পশ্চিমবঙ্গের কবি।

E. চণ্ডীমঙ্গলের আর একটি নাম ভবানীমঙ্গল।

প্রদত্ত সংকেতে যে-বিকল্পটিতে সবকটি মন্তব্য শুদ্ধ, সেটি হল:

1. কেবল A, B এবং C
2. কেবল A , D এবং E
3. কেবল E
4. কেবল C, D এবং E

**Options :**
17807024045. 1
17807024046. 2
17807024047. 3
17807024048. 4

**Question Number : 13 Question Id : 1780706067 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'মাথুর' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে?

1. জয়দেব
2. বিদ্যাপতি
3. রাধামাধব
4. জ্ঞানদাস

**Options :**
17807024049. 1
17807024050. 2
17807024051. 3
17807024052. 4

**Question Number : 14 Question Id : 1780706068 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'রূপের পাথারে আঁখি ডুবিয়া রহিল।

যৌবনের বনে মন হারাইয়া গেল। '- পদটির পদকর্তা কে?

1. জ্ঞানদাস
2. চণ্ডীদাস
3. গোবিন্দদাস
4. বিদ্যাপতি

**Options :**
17807024053. 1
17807024054. 2
17807024055. 3
17807024056. 4

**Question Number : 15 Question Id : 1780706069 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'শূন্যপুরাণ'-এর রচয়িতা কে?

1. ধর্মদাস
2. ময়ূরভট্ট
3. রামাইপন্ডিত
4. রূপরাম চক্রবর্তী

**Options :**
17807024057. 1
17807024058. 2
17807024059. 3
17807024060. 4

**Question Number : 16 Question Id : 1780706070 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

আশরাফ খানের পৃষ্ঠপোষকতায় দৌলত কাজী যে কাব্যটি রচনা করেছিলেন ---

1. লোরচন্দ্রানী
2. সতীময়না
3. পদ্মাবৎ
4. ইউসুফ জোলেখা

**Options :**
17807024061. 1
17807024062. 2
17807024063. 3
17807024064. 4

**Question Number : 17 Question Id : 1780706071 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

উইলিয়াম কেরি ছিলেন একজন -

1. ব্যবসায়ী
2. পাদরী
3. ডাক্তার
4. উকিল

**Options :**
17807024065. 1
17807024066. 2
17807024067. 3
17807024068. 4

**Question Number : 18 Question Id : 1780706072 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

রামরাম বসুর লেখা গ্রন্থের নাম -

1. লিপিমালা
2. পুরুষপরীক্ষা
3. কথামালা
4. কথোপকথন

**Options :**
17807024069. 1
17807024070. 2
17807024071. 3
17807024072. 4

**Question Number : 19 Question Id : 1780706073 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

ফোর্ট উইলিয়াম কলেজ কলকাতার কোথায় স্থাপিত হয়?

1. বড়বাজার
2. গোরাবাজার
3. শ্যামবাজার
4. লালবাজার

**Options :**
17807024073. 1
17807024074. 2
17807024075. 3
17807024076. 4

**Question Number : 20 Question Id : 1780706074 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

কোন গ্রন্থটি বাঙালির লেখা প্রথম মুদ্রিত গদ্যগ্রন্থ?

1. লিপিমালা
2. হিতোপদেশ
3. রাজা প্রতাপাদিত্য চরিত্র
4. তোতা ইতিহাস

**Options :**
17807024077. 1
17807024078. 2
17807024079. 3
17807024080. 4

**Question Number : 21 Question Id : 1780706075 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

রাজা প্রতাপাদিত্য কোন অঞ্চলের ভূস্বামী ছিলেন?

1. কুঁদঘাট
2. খড়দহ
3. ধুমঘাট
4. বাবুঘাট

**Options :**
17807024081. 1
17807024082. 2
17807024083. 3
17807024084. 4

**Question Number : 22 Question Id : 1780706076 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রথম এবং দ্বিতীয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করুন:

| তালিকা 1 | তালিকা 2 |
|---|---|
| A. মতিবিবি | I. যদি জানিতাম স্ত্রীলোকের বিবাহ দাসীত্ব তবে কদাপি বিবাহ করিতাম না। |
| B. শ্যামাসুন্দরী | II. গহনাগুলি না হয়, দেখাইবার জন্য পড়িয়াছি। স্ত্রীলোকের গহনা থাকিলে, সে না দেখাইলে বাঁচে না। |
| C. মেহের-উন্নিসা | III. ভাল, আমার সাধটি পুরাও। একবার আমাদের গৃহস্থের মেয়ের মতো সাজ। কতদিন, যোগিনী থাকিবে? |
| D.কপালকুণ্ডলা | IV. বৈধব্যের আশঙ্কা! শের আফগান আত্মরক্ষায় অক্ষম নহে। |

প্রদত্ত সংকেতে ঠিক উত্তরের বিকল্পটি হল:

1. A - II , B - III, C -IV,  D - I
2. A - III, B -IV , C -I,  D - II
3. A -IV , B -I , C -III ,  D -II
4. A -I , B -II , C -III ,  D -IV

**Options :**
17807024085. 1
17807024086. 2
17807024087. 3
17807024088. 4

**Question Number : 23 Question Id : 1780706077 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'কপালকুণ্ডলা'-র প্রথম পরিচ্ছেদের নাম হল -

1. বিজন
2. বীরাঙ্গনা
3. সাগরসঙ্গমে
4. নবকুমার

**Options :**
17807024089. 1
17807024090. 2
17807024091. 3
17807024092. 4

**Question Number : 24 Question Id : 1780706078 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'কপালকুণ্ডলা' উপন্যাসটির প্রকাশ সাল কত?

1. ১৮৬৮
2. ১৮৬৬
3. ১৮৭১
4. ১৮৬৫

**Options :**

17807024093. 1
17807024094. 2
17807024095. 3
17807024096. 4

**Question Number : 25 Question Id : 1780706079 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**

**Correct Marks : 4 Wrong Marks : 1**

'কপালকুণ্ডলা' উপন্যাসে নবকুমারের বোনের নাম কি?

1. রাধাসুন্দরী
2. জ্ঞানদাসুন্দরী
3. কমলাসুন্দরী
4. শ্যামাসুন্দরী

**Options :**

17807024097. 1
17807024098. 2
17807024099. 3
17807024100. 4

**Question Number : 26 Question Id : 1780706080 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**

**Correct Marks : 4 Wrong Marks : 1**

কপালকুণ্ডলার অপর আর একটি নাম কী ছিল?

1. পদ্মাবতী
2. মেহেরউন্নিসা
3. মৃন্ময়ী
4. মতিবিবি

**Options :**

17807024101. 1
17807024102. 2
17807024103. 3
17807024104. 4

**Question Number : 27 Question Id : 1780706081 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**

**Correct Marks : 4 Wrong Marks : 1**

'কপালকুণ্ডলা' উপন্যাসের নায়কের নাম কি?

1. নবকুমার
2. কাপালিক
3. অধিকারী
4. জাহাঁগীর

**Options :**
17807024105. 1
17807024106. 2
17807024107. 3
17807024108. 4

**Question Number : 28 Question Id : 1780706082 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'দিগদর্শন' পত্রিকাটি কোথা থেকে প্রকাশিত হত?

1. ফোর্ট উইলিয়াম
2. শ্রীরামপুর মিশন
3. স্কুলবুক সোসাইটি
4. হিন্দু কলেজ

**Options :**
17807024109. 1
17807024110. 2
17807024111. 3
17807024112. 4

**Question Number : 29 Question Id : 1780706083 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রথম বাংলা দৈনিক পত্রের সম্পাদক হলেন -

1. ঈশ্বর গুপ্ত
2. রামমোহন রায়
3. মদনমোহন তর্কালংকার
4. অক্ষয়কুমার দত্ত

**Options :**
17807024113. 1
17807024114. 2
17807024115. 3
17807024116. 4

**Question Number : 30 Question Id : 1780706084 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রথম এবং দ্বিতীয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করুন:

| তালিকা 1 | তালিকা 2 |
|---|---|
| A. ক্লার্ক ও মার্শম্যান | I. সম্বাদ কৌমুদী |
| B. ঈশ্বর গুপ্ত | II. দিগদর্শন |
| C. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | III. সম্বাদ প্রভাকর |
| D. রামমোহন রায় | IV. বঙ্গদর্শন |

প্রদত্ত সংকেতে ঠিক উত্তরের বিকল্পটি হল:

1. A - II, B -III , C - IV, D -I
2. A -IV , B -III , C -II , D -I
3. A -I , B - II, C - III, D -IV
4. A - I, B -III , C -IV , D -II

**Options :**
17807024117. 1
17807024118. 2
17807024119. 3
17807024120. 4

**Question Number : 31 Question Id : 1780706085 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

বঙ্কিমচন্দ্র 'বঙ্গদর্শন' পত্রিকার সূচনা করেন -

1. ১৮৭১ সালে
2. ১৮৭২ সালে
3. ১৮৭৫ সালে
4. ১৮৭৬ সালে

**Options :**
17807024121. 1
17807024122. 2
17807024123. 3
17807024124. 4

**Question Number : 32 Question Id : 1780706086 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

**নীচে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:**

A. 'দিগদর্শন' পত্রিকাটি হিন্দু ধর্মের প্রচারের জন্য প্রকাশিত হত।

B. 'সংবাদ প্রভাকর' পত্রিকায় অক্ষয়কুমার দত্ত তাঁর লেখালিখি শুরু করেছিলেন।

C. বঙ্কিমচন্দ্র ছাত্রজীবনে 'সংবাদ প্রভাকর' পত্রিকায় লেখালিখি করতেন।

D. 'বঙ্গদর্শন' একাধারে পাশ্চাত্য শিক্ষার প্রসার চেয়েছে আবার অন্যদিকে মাতৃভাষার মাধ্যমে শিক্ষার প্রসারও চেয়েছে।

প্রদত্ত সংকেতে যে-বিকল্পটিতে সবকটি মন্তব্য শুদ্ধ, সেটি হল:

1. কেবল A, B এবং C
2. কেবল C এবং D
3. কেবল A এবং D
4. কেবল B, C এবং D

**Options :**
17807024125. 1
17807024126. 2
17807024127. 3
17807024128. 4

**Question Number : 33 Question Id : 1780706087 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রশ্নঃ 'সোনার তরী' কবিতার চরণগুলি সঠিক ক্রম অনুযায়ী সাজান।

(A). ভরা নদী ক্ষুরধারা খরপরশা -

(B). কাটিতে কাটিতে ধান এল বরষা।।

(C). গগনে গরজে মেঘ, ঘন বরষা।

(D). কূলে একা বসে আছি, নাহি ভরসা।

নীচের সংকেত থেকে ঠিক ক্রমের শুদ্ধ বিকল্পটি হল:

1. (A), (B), (C), (D).
2. (C), (D), (A), (B).
3. (B), (A), (D), (C).
4. (C), (B), (D), (A).

**Options :**
17807024129. 1
17807024130. 2
17807024131. 3
17807024132. 4

**Question Number : 34 Question Id : 1780706088 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'সোনার তরী' কবিতাটির রচনাকাল কত?

1. ফাল্গুন ১২৯৯ বঙ্গাব্দ
2. ফাল্গুন ১২৯৫ বঙ্গাব্দ
3. ফাল্গুন ১২৯৬ বঙ্গাব্দ
4. ফাল্গুন ১২৯৮ বঙ্গাব্দ

**Options :**
17807024133. 1
17807024134. 2
17807024135. 3
17807024136. 4

**Question Number : 35 Question Id : 1780706089 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'যেতে নাহি দিব' কবিতাটির রচনাস্থান কোথায়?

1. জোড়াসাঁকো
2. শিলাইদহ
3. শান্তিনিকেতন
4. দিল্লি

**Options :**
17807024137. 1
17807024138. 2
17807024139. 3
17807024140. 4

**Question Number : 36 Question Id : 1780706090 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রশ্ন: 'যেতে নাহি দিব' কবিতাটির কিছু চরণ উল্লিখিত হল, সঠিক ক্রম অনুযায়ী সাজান।

(A). দূর নীলাম্বরে মগ্ন; মুখে নাহি বাণী

(B). মোর চারি বৎসরের কন্যাটির মতো।।

(C). দেখিলাম তাঁর সেই ম্লানমুখখানি

(D). সেই দ্বারপ্রান্তে লীন, স্তব্ধ, মর্মাহত

নীচের সংকেত থেকে ঠিক ক্রমের শুদ্ধ বিকল্পটি হল:

1. (A), (B), (C), (D).
2. (A), (C), (B), (D).
3. (B), (A), (D), (C).
4. (C), (B), (D), (A).

**Options :**
17807024141. 1
17807024142. 2
17807024143. 3
17807024144. 4

**Question Number : 37 Question Id : 1780706091 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রশ্নঃ নীচের চরণগুলি সঠিক ক্রম অনুযায়ী সাজান।

(A). বায়ু আসে দক্ষিণের দ্বারে

(B). আলো আসে পূর্বদিকে প্রথম প্রভাতে

(C). রাজধানী কলকাতা; তেতলার ছাতে

(D). কাঠের কুঠুরি এক ধারে

নীচের সংকেত থেকে ঠিক ক্রমের শুদ্ধ বিকল্পটি হল:

1. (A), (B), (C), (D).
2. (A), (C), (B), (D).
3. (B), (A), (D), (C).
4. (C), (D), (B), (A).

**Options :**
17807024145. 1
17807024146. 2
17807024147. 3
17807024148. 4

**Question Number : 38 Question Id : 1780706092 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

**নীচে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:**

A.'নবান্ন' নাটকটির প্রথম অভিনয় হয় ২৪ অক্টোবর, ১৯৪৪ সালে।

B. .'নবান্ন' নাটকটির প্রথম অভিনীত হয়েছিল শ্রীরঙ্গম মঞ্চে।

C. 'নবান্ন' নাটকটি একটি ঐতিহাসিক নাটক।

D. 'নবান্ন' নাটকটির একটি চরিত্রের নাম হারু দত্ত।

প্রদত্ত সংকেতে যে-বিকল্পটিতে সবকটি মন্তব্য শুদ্ধ, সেটি হল:

1. কেবল A, B এবং D
2. কেবল A, B এবং C
3. কেবল D
4. কেবল A এবং D

**Options :**
17807024149. 1
17807024150. 2
17807024151. 3
17807024152. 4

**Question Number : 39 Question Id : 1780706093 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

**নীচে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:**

A. 'নবান্ন' নাটকটির একটি চরিত্র হল দয়াবান।

B. 'নবান্ন' নাটকটির অঙ্ক সংখ্যা হল ৪।

C. 'নবান্ন' নাটকটি লিখেছিলেন গিরিশ ঘোষ।

D. 'নবান্ন' একটি কমেডি নাটক।

প্রদত্ত সংকেতে যে-বিকল্পটিতে সবকটি মন্তব্য শুদ্ধ, সেটি হল:

1. কেবল A, B এবং C
2. কেবল A এবং C
3. কেবল C
4. কেবল B

**Options :**
17807024153. 1
17807024154. 2
17807024155. 3
17807024156. 4

**Question Number : 40 Question Id : 1780706094 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রথম এবং দ্বিতীয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করুন:

| তালিকা 1 | তালিকা 2 |
|---|---|
| A. দয়াল | I. কুঞ্জ, ও কুঞ্জ, আমি প্রাণ দেব রে কুঞ্জ। |
| B. প্রধান | II. ভারতরক্ষা বিধানে লটকে যাবে রে বাবা। |
| C. কুঞ্জ | III. ওই মুঠোখানেক হলেই চলবে বাপ আমার। জানটা তো আগে রক্ষা পাক। |
| D. তৃতীয় ভদ্রলোক | IV. তোমারে নিয়ে হয়েছে আমার মহাজ্বালা, বুঝলে, মহাজ্বালা। |

প্রদত্ত সংকেতে ঠিক উত্তরের বিকল্পটি হল:

1. A -III , B -I , C -IV , D -II
2. A -IV , B -I , C -III , D -II
3. A -I , B -II , C -III , D -IV
4. A -IV , B -I , C -II , D -III

**Options :**
17807024157. 1
17807024158. 2
17807024159. 3
17807024160. 4

**Question Number : 41 Question Id : 1780706095 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'নবান্ন' নাটকটি কে লিখেছেন?

1. উৎপল দত্ত
2. গিরিশ ঘোষ
3. শিশির কুমার ভাদুড়ি
4. বিজন ভট্টাচার্য

**Options :**
17807024161. 1
17807024162. 2
17807024163. 3
17807024164. 4

**Question Number : 42 Question Id : 1780706096 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রশ্নঃ 'চতুরঙ্গ' উপন্যাসে অধ্যায়গুলি সঠিক ক্রম অনুযায়ী সাজান।

(A). শ্রীবিলাস

(B). জ্যাঠামশাই

(C). দামিনী

(D). শচীশ

নীচের সংকেত থেকে ঠিক ক্রমের শুদ্ধ বিকল্পটি হল:

1. (A), (B), (C), (D).
2. (A), (C), (B), (D).
3. (B), (D), (C), (A)
4. (C), (B), (D), (A).

**Options :**
17807024165. 1
17807024166. 2
17807024167. 3
17807024168. 4

**Question Number : 43 Question Id : 1780706097 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রথম এবং দ্বিতীয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করুন:

| তালিকা 1 | তালিকা 2 |
|---|---|
| A. শচীশ | I. আজ আমার ঠাকুরের ধুম করিয়া ভাসান হইতেছে, তারই এই বাজনা। |
| B. জ্যাঠামশাই | II. আজ্ঞা হাঁ বৈকি! যদি দরকার হয় তবে তুমি তোমার চোদ্দপুরুষকে নরকস্থ করিতে পারো। |
| C. হরিমোহন | III. যারা নিন্দা করে তারা নিন্দা ভালোবাসে বলিয়াই করে, সত্য ভালোবাসে বলিয়া নয়। |
| D. স্বামীজি | IV. বাঁচিতে চাও যদি, বাপু, তবে এবার বিদ্যাসমুদ্রে তলা হইতে ডাঙার উপর উঠিতে হইবে। |

প্রদত্ত সংকেতে ঠিক উত্তরের বিকল্পটি হল:

1. A - III, B -I , C -II , D -IV
2. A -IV , B -I , C -III , D -II
3. A -III , B -IV , C -II , D -I
4. A -I , B - IV, C -III , D -II

**Options :**
17807024169. 1
17807024170. 2
17807024171. 3
17807024172. 4

**Question Number : 44 Question Id : 1780706098 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

**নীচে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:**

A.হরিমোহনের তিনটি মেয়ে ও চারটি ছেলে।

B. হরিমোহনের চারটি মেয়ে ও তিনটি ছেলে।

C. জ্যাঠামশাই মারা যান সন্নিপাতিক রোগে।

D. শ্রীবিলাস 'রায়চাঁদ-প্রেমচাঁদ' বৃত্তি লাভ করেছিল।

প্রদত্ত সংকেতে যে-বিকল্পটিতে সবকটি মন্তব্য শুদ্ধ, সেটি হল:

1. কেবল A, B এবং C
2. কেবল A এবং C
3. কেবল A এবং D
4. কেবল C

**Options :**
17807024173. 1
17807024174. 2
17807024175. 3
17807024176. 4

**Question Number : 45 Question Id : 1780706099 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'চতুরঙ্গ' উপন্যাসটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

1. বঙ্গদর্শন
2. সবুজপত্র
3. ভারতী
4. প্রবাসী

**Options :**
17807024177. 1
17807024178. 2
17807024179. 3
17807024180. 4

**Question Number : 46 Question Id : 1780706100 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রশ্নঃ নীচের চরণগুলি সঠিক ক্রমানুযায়ী সাজান।

(A). বিষায় ফুসফুস ধমনী শিরা!

(B). কোথায় গেল ওর স্বচ্ছ যৌবন

(C). চোখের কোণে এই সমূহ পরাভব

(D). কোথায় কুরে খায় গোপন ক্ষয়

নীচের সংকেত থেকে ঠিক ক্রমের শুদ্ধ বিকল্পটি হল:

1. (A), (B), (C), (D).
2. (A), (C), (B), (D).
3. (B), (A), (D), (C).
4. (B), (D), (C), (A).

**Options :**
17807024181. 1
17807024182. 2
17807024183. 3
17807024184. 4

**Question Number : 47 Question Id : 1780706101 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রশ্নঃ নীচের চরণগুলি সঠিক ক্রম অনুযায়ী সাজান।

(A). আকাশটাকে মাথায় নিয়ে

(B). এইসব সাত পাঁচ ভাবছিল

(C). এ-গলির এক কালোকুচ্ছিত আইবুড়ো মেয়ে

(D). রেলিঙে বুক চেপে ধরে

নীচের সংকেত থেকে ঠিক ক্রমের শুদ্ধ বিকল্পটি হল:

1. (A), (B), (C), (D).
2. (A), (C), (D), (B).
3. (B), (A), (D), (C).
4. (C), (B), (D), (A).

**Options :**
17807024185. 1
17807024186. 2
17807024187. 3
17807024188. 4

**Question Number : 48 Question Id : 1780706102 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'ভাত' গল্পটি কার লেখা?

1. মহাশ্বেতা দেবী
2. আশাপূর্ণা দেবী
3. অপরাজিতা দেবী
4. দেবারতি মিত্র

**Options :**
17807024189. 1
17807024190. 2
17807024191. 3
17807024192. 4

**Question Number : 49 Question Id : 1780706103 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'অবনী বাড়ি আছো' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

1. সোনার মাছি খুন করেছি
2. কক্সবাজারে সন্ধ্যা
3. যেতে পারি কিন্তু কেন যাবো
4. ধর্মে আছো জিরাফেও আছো

**Options :**
17807024193. 1
17807024194. 2
17807024195. 3
17807024196. 4

**Question Number : 50 Question Id : 1780706104 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**

**Correct Marks : 4 Wrong Marks : 1**

'বাঁজা জমি বেরিয়ে গেল। গ্রহীতাদের কিনে রাখা গেল। সরকারের কাছে নিজেদের খুঁটি আরও শক্ত হল।' উক্তিটি কোন গল্পের অন্তর্গত?

1. ভাত
2. বিছন
3. দুঃশাসন
4. পেনেটি

**Options :**
17807024197. 1
17807024198. 2
17807024199. 3
17807024200. 4

**Question Number : 51 Question Id : 1780706105 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'বীতংস' শব্দটির অর্থ কী?

1. নরক
2. ফাঁদ
3. খেলা
4. গুহা

**Options :**
17807024201. 1
17807024202. 2
17807024203. 3
17807024204. 4

**Question Number : 52 Question Id : 1780706106 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

**নীচে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:**

A. 'দুঃশাসন' গল্পে গৌরদাস একটি চরিত্রের নাম।

B. 'দুঃশাসন' গল্পে দেবীদাস ধানের ব্যবসা করে।

C. 'দুঃশাসন' গল্পে পুলিশ কনস্টেবলের নাম শচীকান্ত।

D. 'দুঃশাসন' গল্পে যাত্রাপালার জন্য থানা থেকে পঞ্চাশ টাকা চাঁদা নেওয়া হয়।

প্রদত্ত সংকেতে যে-বিকল্পটিতে সবকটি মন্তব্য শুদ্ধ, সেটি হল:

1. কেবল A, B এবং C
2. কেবল A এবং C
3. কেবল A এবং D
4. কেবল D

**Options :**
17807024205. 1
17807024206. 2
17807024207. 3
17807024208. 4

**Question Number : 53 Question Id : 1780706107 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'দুঃশাসন' গল্পে যাত্রাপালার নাম কী ছিল?

1. দ্রৌপদীর বস্ত্রহরণ
2. দুঃশাসন
3. কৃষ্ণলীলা
4. দুঃশাসনের রক্তপান

**Options :**
17807024209. 1
17807024210. 2
17807024211. 3
17807024212. 4

**Question Number : 54 Question Id : 1780706108 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

**নীচে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:**

A.উচ্চতর সাহিত্যের সঙ্গে লোকসাহিত্যের মূল পার্থক্য তাদের স্বতন্ত্র সৃষ্টিতে।

B. যে সমাজের সামাজিক সাংস্কৃতিক উপকরণ যত বেশি, তার সামাজিক সংহতিও তত দৃঢ়।

C. লোকসাহিত্য একক ব্যক্তিবিশেষের সৃষ্টি।

D.সংহত সমাজের একটি প্রধান বৈশিষ্ট্য হল, এখানে ব্যষ্টির দাবী স্বীকৃত হয়।

প্রদত্ত সংকেতে যে-বিকল্পটিতে সবকটি মন্তব্য শুদ্ধ, সেটি হল:

1. কেবল A, B এবং C
2. কেবল A এবং C
3. কেবল A এবং B
4. কেবল D

**Options :**
17807024213. 1
17807024214. 2
17807024215. 3
17807024216. 4

**Question Number : 55 Question Id : 1780706109 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রশ্নঃ নীচে উল্লিখিত 'কাঠপুতলি' গল্পের ঘটনাগুলি সঠিক ক্রম অনুযায়ী সাজান।

(A). এমন আশ্চর্য মাছ বাবা জন্মে দেখি নি।

(B). বুড়ো তার কোঁচর থেকে ছোট্ট একটা পুতুল বের করে দেখাল।

(C). ছোটবেলায় মাঝে মাঝে পুরী যেতাম।

(D). একদিন দেখে এক অচেনা ছেলে ছোট জাল নিয়ে নৌকা থেকে একলা নামল।

নীচের সংকেত থেকে ঠিক ক্রমের শুদ্ধ বিকল্পটি হল:

1. (A), (B), (C), (D).
2. (B), (A), (C), (D)
3. (D), (C), (B), (A)
4. (C), (D), (B), (A).

**Options :**
17807024217. 1
17807024218. 2
17807024219. 3
17807024220. 4

**Question Number : 56 Question Id : 1780706110 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

**নীচে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:**

A. 'ঠাকুরমার ঝুলি'-র কাহিনীগুলি পূর্ববঙ্গের চট্টগ্রাম অঞ্চল থেকে সংগৃহীত।

B. 'ঠাকুরমার ঝুলি' গ্রন্থটিতে ভূমিকা লিখেছেন রবীন্দ্রনাথ ঠাকুর।

C. 'সুখু আর দুখু' গল্পে তাঁতির স্ত্রী ছিল দুটি।

D. 'সাত ভাই চম্পা' গল্পটিতে বড় রাণী ছিল খুব শান্ত।

প্রদত্ত সংকেতে যে-বিকল্পটিতে সবকটি মন্তব্য শুদ্ধ, সেটি হল:

1. কেবল A, B এবং C
2. কেবল A এবং C
3. কেবল B এবং C
4. কেবল D

**Options :**
17807024221. 1
17807024222. 2
17807024223. 3
17807024224. 4

**Question Number : 57 Question Id : 1780706111 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

**নীচে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল:**

A. 'শীত বসন্ত' গল্পে সুয়োরাণীর দুই ছেলে এবং দুয়োরাণীর কোন সন্তান নেই।

B. 'শীত বসন্ত' গল্পে দুয়োরাণী টিয়া হয়ে উড়তে উড়তে আর এক রাজার রাজ্যে গিয়ে পড়লেন।

C. 'শীত বসন্ত' গল্পে জল্লাদ দুটি শিয়াল কুকুর কেটে তার রক্ত নিয়ে রাণীকে দিল।

D. হাতি কপালে রাজটীকা দেখে শীতকে পিঠে তুলে নিয়ে চলে যায়।

প্রদত্ত সংকেতে যে-বিকল্পটিতে সবকটি মন্তব্য শুদ্ধ, সেটি হল:

1. কেবল A, B এবং C
2. কেবল A এবং C
3. কেবল B, C এবং D
4. কেবল D

**Options :**
17807024225. 1
17807024226. 2
17807024227. 3
17807024228. 4

**Question Number : 58 Question Id : 1780706112 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'সুখু আর দুখু' গল্পে দুখুকে এক ঘড়া মোহর কে দেয়?

1. কলাগাছ
2. সেওড়াগাছ
3. গাই
4. ঘোড়া

**Options :**
17807024229. 1
17807024230. 2
17807024231. 3
17807024232. 4

**Question Number : 59 Question Id : 1780706113 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রথম এবং দ্বিতীয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করুন:

| তালিকা 1 | তালিকা 2 |
|---|---|
| A. প্যালারাম | I. দধিমুখ |
| B. ক্যাবলা | II. বিশ্বকর্মা |
| C. হাবুল | III. দধিচী |
| D. টেনিদা | IV. ইন্দ্র |

প্রদত্ত সংকেতে ঠিক উত্তরের বিকল্পটি হল:

1. A -III , B -I , C -IV , D -II
2. A -III , B -I , C -II , D -IV
3. A -I , B - IV, C - II, D -III
4. A -IV , B - I, C - III, D -II

**Options :**
17807024233. 1
17807024234. 2
17807024235. 3
17807024236. 4

**Question Number : 60 Question Id : 1780706114 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'খট্টাঙ্গ' শব্দের অর্থ কী?

1. গাছ
2. মাছ
3. খটাশ
4. খাট

**Options :**
17807024237. 1
17807024238. 2
17807024239. 3
17807024240. 4

**Question Number : 61 Question Id : 1780706115 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'মৎস্যপুরাণ' গল্পে টেনিদা শেষ পর্যন্ত কী ধরে?

1. বোয়াল মাছ
2. কাতলা মাছ
3. কাঁকড়া
4. মুরগি

**Options :**
17807024241. 1
17807024242. 2
17807024243. 3
17807024244. 4

**Question Number : 62 Question Id : 1780706116 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'পেশোয়ার কী আমীর' হল একজাতীয় -

1. আলু
2. আম
3. লিচু
4. কমলালেবু

**Options :**
17807024245. 1
17807024246. 2
17807024247. 3
17807024248. 4

**Question Number : 63 Question Id : 1780706117 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রথম তালিকায় কবিতার নাম এবং দ্বিতীয় তালিকায় চরণের মধ্যে সামঞ্জস্য বিধান করুন:

| তালিকা 1 | তালিকা 2 |
|---|---|
| A. বর্ষাযাপন | I. সহসা শুনি রাতের কড়া নাড়া |
| B. অবনী বাড়ি আছো | II. কোথায় কুরে খায় গোপন ক্ষয় |
| C. ফুল ফুটুক না ফুটুক | III. তারপর দড়াম করে দরজা বন্ধ হবার শব্দ |
| D. বাবরের প্রার্থনা | IV. রাজধানী কলিকাতা; তেতলার ছাদে<br>কাঠের কুঠুরি এক ধারে; |

প্রদত্ত সংকেতে ঠিক উত্তরের বিকল্পটি হল:

1. A -IV , B - I, C -III , D -II
2. A -I , B - II, C -IV , D -III
3. A -IV , B -III , C -II, D -I
4. A -III , B - I C -IV , D -II

**Options :**
17807024249. 1
17807024250. 2
17807024251. 3
17807024252. 4

**Question Number : 64 Question Id : 1780706118 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

প্রশ্নঃ নীচের উল্লিখিত ঘটনাগুলি ক্রমানুযায়ী সাজান।

(A). আর আমিও সারাদিন স্কুল করে বিকেলে গিয়ে সেখানে হাজির হলাম।

(B). এমন সময় বাবা পাটনা বদলি হয়ে গেলেন।

(C). দুমাস পরে বড় মামা সেখানে রেগুলার বসবাস শুরু করে দিলেন।

(D). বড় মামা একটা বাড়ি কিনে বসলেন।

নীচের সংকেত থেকে ঠিক ক্রমের শুদ্ধ বিকল্পটি হল:

1. (A), (B), (C), (D).
2. (D), (C), (B), (A),
3. (B), (A), (D), (C).
4. (C), (B), (D), (A).

**Options :**
17807024253. 1
17807024254. 2
17807024255. 3
17807024256. 4

**Question Number : 65 Question Id : 1780706119 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'কাঠপুতলি' গল্পের ঘটনাস্থল কোথায়?

1. মুঙ্গের
2. বগুরা
3. এলাহাবাদ
4. পুরী

**Options :**
17807024257. 1
17807024258. 2
17807024259. 3
17807024260. 4

**Question Number : 66 Question Id : 1780706120 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

বরাক উপত্যকায় মুসলমান সমাজে নারীর সামাজিক অবস্থান কোন গল্পটিতে গুরুত্ব পেয়েছে?

1. লাখ টাকার মানুষ
2. হাজার চুড়াশির মা
3. তবুও মাদল বাজে
4. দশানন

**Options :**
17807024261. 1
17807024262. 2
17807024263. 3
17807024264. 4

**Question Number : 67 Question Id : 1780706121 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**

**Correct Marks : 4 Wrong Marks : 1**

মিথিলেশ ভট্টাচার্যের 'মৎস্যপুরাণ' গল্পে প্রধান চরিত্রের নাম কী?

1. রঞ্জন
2. শ্যামল
3. মৃণালকান্তি
4. রামচরণ

**Options :**

17807024265. 1

17807024266. 2

17807024267. 3

17807024268. 4

| | |
|---|---|
| **Sub-Section Number :** | 2 |
| **Sub-Section Id :** | 178070142 |
| **Question Shuffling Allowed :** | No |

**Question Id : 1780706122 Question Type : COMPREHENSION Sub Question Shuffling Allowed : Yes Group Comprehension Questions : No Question Pattern Type : NonMatrix**

**Question Numbers : (68 to 71)**

**লাখ টাকার মানুষ**

লম্বা একটা দম নিয়ে বুড়ি আরম্ভ করে, কইবার আর কি আছে আর তোর শুইনাই বা কি লাভ? এখন তো আর নাই কিচ্ছু, একদিন সব আছিলো, হাল গরু, ক্ষেতি বাড়ি, মানুষজন। তোর দুই নানা মরলো, বাকি রইলো একজন, তোর ছোট নানায়। আমার যখন বিয়া তখন হ্যায় ছোট। হ্যয়ও যুদ্ধে গেলো। আর ফিরলো না। আছে না মরছে কেউ জানে না। তোর বড় নানিরে তার বাপ-ভাই আবার শাদি দেয়। সুখেউ আছে। শুনছি ঘর ভরা ছেলা মাইয়া, নাতি-পুতি, অবস্থাও ভালা। কয়েকবার খবর দিছে একবার সময় করি দুই দিন থাকার লাগি যাইতে। যাইবার তো ইচ্ছা ছিলো কিন্তু যাই কেমন করি, তুই পোড়ারমুখি যে আমার গলার বেড়ি! এখন ল' উঠি, এমন সারাদিন নানি-নাতিনে বইয়া গল্প করলে কি দিন পার হইবো? ঘরো চাউল নাই, বশীর মিঞারে একটা খবর দেওয়া লাগে। মাচানের লাউ কয়টা, ঘরে রাখা একছড়া কাঁচকলা ওর কাছে বিক্রি করলে চাউলোর পয়সা বাহির হয়। বশীর কইয়া রাখছে লাউ-টাউ কিছু বিক্রি করলে ওরে খবর দিতে।

আসমানতারা উঠে, বলে, নানি আমি একবার হামিদার বাড়ি যাই। অনেকদিন যাই নাই। যাইতে না হয় বশীর চাচারে খবরটা দিয়া যাইমু।

উঠোনের ঠিক মধ্যিখানে লাউয়ের মাচান। বেশ ভালো হয়েছে লাউগাছটি। মাচানের সম্পূর্ণটা ঢেকে রেখেছে লতা-পাতায়। ফাঁকে ফাঁকে ঝুলে আছে বেশ কটা লাউ। বেড়া দেওয়া সবজি করার এক টুকরো বাগান। একখানা কোদাল হাতে নানি সেদিকে এগোয়। আসমানকে বলে তোর তো শুধু ঘোরাঘুরি, ঘুম আর খাওয়া। সজ্জি ক্ষেতোর সামান্য এইটুকু জায়গা, সেইদিন আমি নিজোর হাতে বেড়া দিলাম, এখন যদি তুই একটু কুপিয়ে রাখতি তবে বরবটি বীচি আনি রাখা, রুইয়া ফেলতাম। বাজারো তরকারির যা' দাম, আমি কিনি আর তুই খা!

এমন সময় সামনের রাস্তা দিয়ে বশীর মিঞা যাচ্ছে দেখে আসমানতারা তাকে ডাক দেয়, ও বশীর চাচাগো, নানি তোমারে ডাকে। ...

বুড়ি রাগে গজগজ করতে থাকে। মাচান থেকে একটা একটা করে লাউ নামাতে থাকে সে, বশীরকে বলে জোয়ান আবিয়াতি নাতিন লইয়া একলা ঘরো থাকি, বুঝতে পারোস্, আমার সঙ্গে ঠাট্টা তামাশা না। তারপর একটু থেমে লাউগুলো নামানো শেষ হয়ে গেলে ঠাণ্ডা গলায় বলে, নে পয়সা বার কর, লাউ পাঁচটার দর, দশটেকা হিসেবে, কাঁচকলা একছড়া তিরিশ টেকা, আমারে মেলা ঢং দেখাইস্ না, আমি জানি তোর লগে পয়সা আছে।

**Sub questions**

**Question Number : 68 Question Id : 1780706123 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**

**Correct Marks : 4 Wrong Marks : 1**

বুড়ির নাতনির নাম কী?

1. আসমানতারা
2. সিতারা
3. নাগমা
4. নাজমা

**Options :**

17807024269. 1
17807024270. 2
17807024271. 3
17807024272. 4

**Question Number : 69 Question Id : 1780706124 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

বুড়ির কয় ভাই ছিল?

1. দুই
2. তিন
3. চার
4. এক

**Options :**
17807024273. 1
17807024274. 2
17807024275. 3
17807024276. 4

**Question Number : 70 Question Id : 1780706125 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

বুড়ি কী কেনার জন্য লাউ ও কাঁচকলা বিক্রি করে?

1. বরবটি
2. সব্জি
3. আটা
4. চাল

**Options :**
17807024277. 1
17807024278. 2
17807024279. 3
17807024280. 4

**Question Number : 71 Question Id : 1780706126 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

বুড়ি লাউ ও কাঁচকলা বিক্রি করে মোট কত টাকা পায়?

1. আশি
2. তিরিশ
3. দশ
4. ষাট

**Options :**
17807024281. 1
17807024282. 2
17807024283. 3
17807024284. 4

**Sub-Section Number :** 3
**Sub-Section Id :** 178070143
**Question Shuffling Allowed :** No

**Question Id : 1780706127 Question Type : COMPREHENSION Sub Question Shuffling Allowed : Yes Group Comprehension Questions : No Question Pattern Type : NonMatrix**
**Question Numbers : (72 to 75)**

### তবুও মাদল বাজে

ওঝাবাবার ভয়ংকর চেহারা। জবাফুল চোখ, কালো পাথর-কুঁদা বট-গুড়ি শরীর, পিঠে ইয়া কুঁজ। বাবরি চুলে কাঠ-কাঁকই। পিঠের লালশালু বোঁচকা যেন আরেকটা কুঁজ। হাতের লাঠিটা তো আরও ভয়ংকর, মাথায় একটা সাদা হাড় লটকানো। শাওনি একবার লোকটাকে দেখেই তরাসে চোখ ফেরায়।

ততক্ষণে মেয়েমদ্দ বাচ্চাকাচ্চা ভীড় জমে গেছে উঠোনে। গোবরলেপা দাওয়ায় হলদি মাখা আলো চাল দিয়ে 'দিশা' দেখতে বসেছে ওঝা। একটা চাল দিয়ে হোঃ হোঃ পুঃ ফাঃ করে কী করছে। অন্য চালটি উঠে আসছে ঐ চালটির গায়। আবার নীচে নামিয়ে বিড়বিড় করে কী বলছে। সব চাল পাঁচ ফোঁটা সিঁদুরকে কেন্দ্র করে এদিক-সেদিক ছুটোছুটি করতে লেগেছে। আবার স্থির হচ্ছে ওঝার অঙ্গুলি সংকেতে। শেষ পর্যন্ত একটা চাল হাতে নিয়ে মোট সাতটি চালকে একে একে ছোঁয়াল ওঝা। কী আশ্চর্য! শেষের চালটি আঁকড়ে ধরল আঙুলের চালটিকে। জোড়াই লেগে রইল। নড়াচড়াতেও দুটো চাল-ই দিব্বি একসঙ্গে জুড়ে আছে দেখে ওঝার মুখে পরিতৃপ্তির হাসি - ধরছে ঐ শ্মশানেরটা। দূরে উত্তরের চালটা অর্থাৎ শ্মশানখলাটা দেখে ওঝা বলে - বুঝলি ডমরু, বউকে খাপমতন ধরে লিয়েছে শয়তানটা।

- দহাই ওঝা বাবা, এখন ছাড়ান দে। বেজান কষ্ট পাচ্ছে, দয়া কর। জোড়হাতে বলির পাঁঠার মতো কাঁপে ডমরু। ভয়ার্ত দৃষ্টিতে ওর করুণা-ভিক্ষা। যেন বৌয়ের নয়, নিজেরই প্রাণভিক্ষা চাইছে।

- হুঁ, লিয়ে আয় তবে সব।

ঘরের ভিতরের চিৎকার এখন গোঙানির চেয়েও নিস্তেজ। চোখ কানে ওদিকটা একবার পরখ করে ওঝা আদেশ ঝাড়ে - যা, জলদি লিয়ে আয় জিনিসগলা। মুরগি একটা, চাল সোয়া কেজি। হঁ, মদ তো তর ঘরেই আছে - চালার দিকে নজর বুলিয়ে বলে ওঝা - লাংগি একটা। যদি পারিস তবে বড় দেখে হাঁসের বাচ্চা একটা - পূজা দিয়ে ছাড়ে দিতে হবেক।

পেট দু'খানিকটা জলদি কমবেক... । আর অইন্য সব, তুইতো জানিসই। যা, ভাল হয়ে যাবেক, ডর নাইখে।

ওঝা আড়মোড়া ভাঙে।

ডমরুর কালো গামছা আবার বনান্তরে মিলিয়ে যায়। এবার আরও দ্রুততায়।

দাদার নির্দেশে ওঝাকে গেলাস ভরে মদ দেয় শাওনি। পরিমানে বেশীই দেয়। তবুও যেন ভৌজির কষ্টটা তাড়াতাড়ি দূর হয়। দেয়ালে ঠেসান দিয়ে চোখ মুদে থাকে ওঝাবাবা।

ভিড়টা পাতলা। মেয়েমদ্দ সব কাজেকম্মে বেড়িয়ে গেছে। ডমরুর ছেলে দুটো বাচ্চাদের সঙ্গে লাফালাফি করে খেলছে সামনে নীচু ঢালে।

**Sub questions**

**Question Number : 72 Question Id : 1780706128 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

'কাঠ-কাঁকই' শব্দের অর্থ কী?

1. কাঠের চিরুনি
2. কাঠের বেলন
3. কাঠের লাটাই
4. কাঠের চাকি

**Options :**
17807024285. 1
17807024286. 2
17807024287. 3
17807024288. 4

**Question Number : 73 Question Id : 1780706129 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

ওঝা ডমরুকে কী কী সামগ্রী আনতে বলেছিল?

1. ছাগল, চাল, লাউ, লালশালু
2. আলু, মটর, লালশালু, সিঁদুর
3. মুরগি, চাল, মদ, হাঁসের বাচ্চা
4. মুরগি, সিঁদুর, লাংগি, গামছা

**Options :**
17807024289. 1
17807024290. 2
17807024291. 3
17807024292. 4

**Question Number : 74 Question Id : 1780706130 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

ডমরুর গামছার রঙ কী ছিল?

1. লাল
2. কালো
3. সবুজ
4. নীল

**Options :**
17807024293. 1
17807024294. 2
17807024295. 3
17807024296. 4

**Question Number : 75 Question Id : 1780706131 Question Type : MCQ Option Shuffling : No Display Question Number : Yes Is Question Mandatory : No**
**Correct Marks : 4 Wrong Marks : 1**

কার নির্দেশে ওঝাকে গেলাসে ভরে মদ দেয় শাওনি?

1. বউ
2. ছেলে
3. ডমরু
4. ওঝা

**Options :**
17807024297. 1
17807024298. 2
17807024299. 3
17807024300. 4